

নিয়োগ বিজ্ঞপ্তি

০১/০৬/২০২৩ ইং

রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস) একটি জাতীয় পর্যায়ের বে-সরকারী উন্নয়নমূলক সংস্থা। শেরপুর, জামালপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, গাজীপুর জেলাসহ প্রত্যন্ত অঞ্চলে দরিদ্র মানুষের সার্বিক উন্নয়নে কাজ করে আসছে। এমআরএ সনদ নং-০০১৯৩-০০০২৮-০০৩৭৪, এনজিও ব্যুরোর সনদপ্রাপ্ত এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহায়তায় পরিচালিত ক্ষুদ্র ঋণ কর্মসূচিতে নিয়োগ ও প্যানেল তৈরী করার লক্ষ্যে আগ্রহী, কর্মঠ, বুদ্ধিদীপ্ত ও অধুমপায়ী বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নোক্ত পদের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম, বয়স	শিক্ষাগত যোগ্যতা ও বেতন
১. জুনিয়র ফ্রেডিট অফিসার (মাইক্রোফ্রেডিট) গ্রেড- (IX), পদসংখ্যা : ৫০ টি	এইচ.এস.সি/সমমান। শিক্ষানবিশকালীন ৬ মাস সর্বসাকুল্যে বেতন ভাতা ১৭,০০০/- টাকা এবং স্থায়ীকরণের পর সর্বসাকুল্যে বেতন ভাতা ১৮,৩৪০/- টাকা। কম্পিউটারে (MS word, excel) জানা প্রার্থীদের অগ্রাধিকার হবে।
২. ফ্রেডিট অফিসার (মাইক্রোফ্রেডিট) গ্রেড- (VIII), পদসংখ্যা : ৫০ টি	স্নাতক/সমমান। শিক্ষানবিশকালীন ৬ মাস সর্বসাকুল্যে বেতন ভাতা ১৮,০০০/- টাকা এবং স্থায়ীকরণের পর সর্বসাকুল্যে বেতন ভাতা ২০,৩৮০/- টাকা। কম্পিউটারে (MS word, excel) জানা প্রার্থীদের অগ্রাধিকার হবে।

শর্তাবলী :

- আগ্রহী প্রার্থীদের নিকট হতে বায়োডাটা, শিক্ষাগত যোগ্যতা ও ন্যাশনাল আইডি কার্ড, অভিজ্ঞতার সনদ, ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, মোবাইল নাম্বার এবং স্বহস্তে লিখিত আবেদন আগামী ৩০/০৬/২০২৩ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিজ উপজেলার শাখা অফিসে নির্বাহী পরিচালক, রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস) বরাবর দরখাস্ত আহবান করা যাচ্ছে। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদেরকে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে। সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে পরীক্ষার ফি বাবদ ২০০/- টাকা রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস) শিরোনামে হিঃনং- ৬২০১১০০০২০৬৯৬, সোনালী ব্যাংক, শেরপুর শাখার বরাবর জমা দিয়ে জমার স্লিপ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- চাকুরী স্থায়ীকরণের পর সংস্থার নীতিমালা অনুযায়ী বেতন ভাতা ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে। সকল পদের জন্য বাৎসরিক ৩টি উৎসব ভাতা, ইনসেন্টিভ বোনাস, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, অসুস্থতাজনিত ছুটি, অভোগকৃত ছুটির বিপরীতে ভাতা, বীমা ও চিকিৎসা সুবিধা ও সংস্থা প্রদত্ত অন্যান্য সুবিধা প্রদান করা হবে।
- যোগদানের সময় সংস্থার অনুকূলে নিজ পদের জন্য ৮,০০০/- টাকা জামানত (ফেরতযোগ্য) হিসাবে জমা দিতে হবে, যার বিপরীতে নির্ধারিত হারে সুদ প্রদান করা হবে।
- পুরুষ ও মহিলা উভয় প্রার্থীদের বাইসাইকেল চালানো জানতে হবে এবং তাদের নিজস্ব বাই সাইকেল থাকতে হবে।
- সরাসরি যোগাযোগের জন্য আবেদনপত্রে অবশ্যই প্রার্থীর মোবাইল/টেলিফোন নম্বর উল্লেখ করতে হবে। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না। কর্তৃপক্ষ কোন কারণ ছাড়াই যে কোন দরখাস্ত বাতিলের অধিকার সংরক্ষণ করেন।
- আরডিএস এর চাকুরী থেকে অব্যাহতি পেয়েছে অথবা চাকুরী থেকে বরখাস্ত করা হয়েছে এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।
- অধ্যয়নরত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। যে কোন তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

দরখাস্তের নিয়মাবলী এবং চাকুরির অন্যান্য সুযোগ সুবিধা সম্পর্কে বিস্তারিত জানার জন্য সংস্থার ওয়েবসাইট www.rds-bd.org ভিজিট করুন। তাছাড়া নিম্নোক্ত ঠিকানা হতে সরাসরি তথ্য সংগ্রহ করা যাবে। দরখাস্ত পাঠানোর ঠিকানা- নির্বাহী পরিচালক, রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস), কেওয়াটখালী, ময়মনসিংহ-২২০০।/ শফিমিয়ার বাজার রোড, ব্যাংক কলোনী, জামালপুর-২০০০।/ ৪৯ গুর্দানারায়নপুর, শেরপুর টাউন, শেরপুর-২১০০।